আজকের কাগজ 140

তারিখ 07 DEC 1991
পৃষ্ঠা 2 কলাম 6

# শিক্ষাঙ্গনে সন্ত্রাস সম্পর্কিত সংসদীয় কমিটির সভা হয়েছে

**কাগজ প্রতিবেদক :** শিক্ষাঙ্গনে সন্ত্রাস সম্পর্কিত সংসদীয় কমিটির সভা গতকাল শুক্রবার সন্ধ্যা সোয়া সাতটায় অনুষ্ঠিত হয়েছে। সভায় আওয়ামী লীগের সদস্যরা উপস্থিত ছিলেন না। আওয়ামী লীগের পক্ষে ডঃ মিজানুল হক সভায় উপস্থিত হয়ে আওয়ামী লীগের সমাবেশে হামলা করার প্রতিবাদে অনুষ্ঠানে উপস্থিত হতে অপারগতা প্রকাশ করেন।

আইন ও বিচারমন্ত্রী মির্জা গোলাম হাফিজের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় ডাকসুর ভিপি আমান উল্লাহ আমান, ছাত্রলীগের নেতা অসীম কুমার উকিল, আহমেদ হোসেন, জাহাঙ্গীর সাত্তার টিংকু ও কামালকে সংসদীয় কমিটির সামনে তলব করা হয়। সংসদীয় কমিটির সভায় ছাত্রনেতারা বলেছেন, 'রাজনৈতিক দলগুলো ছাত্রদের আধিপত্য বিস্তারের হাতিয়ার হিসেবে ব্যবহার করছে।' তারা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ভূমিকারও সমালোচনা করেন বলে জানা গেছে।